**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৮৮/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ৫ নভেম্বর ২০১৭, ২১ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ওয়াকফের পুনর্জাগরণে বিভিন্ন প্রতিষ্ঠানকে কাজ করার আহ্বান রাষ্ট্রপতির

২। প্রধানমন্ত্রী আজ সিপিএ সম্মেলন উদ্বোধন করবেন

৩। বিশ্ব পরমাণু ক্লাবে যুক্ত হলো বাংলাদেশ
পায়রায় হচ্ছে দেশের সবচেয়ে বড় বিদ্যুৎকেন্দ্র : আজ সমঝোতাস্মারক স্বাক্ষর

৪। বাংলাদেশে অস্ট্রেলিয়াকে বিনিয়োগের আহ্বান বাণিজ্যমন্ত্রীর

৫। ইউনেস্কোতে শিক্ষামন্ত্রী
রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ বৃদ্ধির আহ্বান

৬। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র অংশীদারিত্ব সংলাপ আজ : মার্কিন আন্ডার সেক্রেটারি শ্যানন ঢাকায়

৭। দেশে নিরাপত্তার ঘাটতি নেই : আলোচনাসভায় স্বরাষ্ট্রমন্ত্রী

৮। নির্বাচন নিয়ে আলোচনা করতে হলে বিএনপিকে
যুদ্ধাপরাধীদের ত্যাগ করতে হবে : তথ্যমন্ত্রী

৯। কৃষিপণ্যের রপ্তানি আয়ে প্রবৃদ্ধি ২১ শতাংশ

১০। রাস্তায় ট্রাক ও কাভার্ড ভ্যানের কাগজ পরীক্ষা না করতে আইজির নির্দেশ

১১। ভেলপুরি, ফুচকা, ঝালমুড়ির মতো স্ট্রিট ফুডে টাইফয়েডের জীবাণু
ন্যাশনাল ফুড সেফটি ল্যাবরেটরির গবেষণা প্রতিবেদন

চলমান পাতা-২

১। **ওয়াকফের পুনর্জাগরণে বিভিন্ন প্রতিষ্ঠানকে কাজ করার আহ্বান রাষ্ট্রপতির**

ওয়াকফ ও জাকাত ফান্ড উন্নয়নে ব্যাংকসহ বিভিন্ন প্রতিষ্ঠানকে যৌথভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল (৪ নভেম্বর শনিবার) রাজধানীর সোনারগাঁও হোটেলে প্রধান অতিথি হিসেবে 'রিভাইভাল অব ওয়াকফ ফর সোশিও ইকোনমিক ডেভেলপমেন্ট' শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক কর্মশালা উদ্বোধনের সময় তিনি এ আহ্বান জানান। আইডিবি গ্রুপের ইসলামিক রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইন্সটিটিউট, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ও সেন্টার ফর জাকাত ম্যানেজমেন্টের যৌথ উদ্যোগে এ কর্মশালায় বাংলাদেশ, ব্রুনাই, ইন্দোনেশিয়া, জাপান, সৌদি আরব, মালয়েশিয়া, নিউজিল্যান্ড, নাইজেরিয়া, থাইল্যান্ড, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র থেকে গবেষক, পণ্ডিত ও বিশেষজ্ঞরা অংশ নেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫)।

২। **প্রধানমন্ত্রী আজ সিপিএ সম্মেলন উদ্বোধন করবেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (৫ নভেম্বর রোববার) সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্স-সিপিসি'র উদ্বোধন করবেন। বিভিন্ন কমিটির বৈঠক ও সেমিনারের মধ্য দিয়ে ১ নভেম্বর থেকে ইতোমধ্যে এ সম্মেলন শুরু হয়ে গেছে। এবারের সম্মেলনের মূল প্রতিপাদ্য বিষয় 'কনটিনিউইং টু এনহ্যান্স দ্য হাই স্ট্যান্ডার্ডস অব পারফরমেন্স অব পার্লামেন্টারিয়ানস।' প্রধানমন্ত্রী সকালে সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করার পর বিকেলে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে সিপিএ'র নির্বাহী কমিটির বৈঠকে আগত বিদেশি অতিথিদের চলমান রোহিঙ্গা সংকট নিয়ে ব্রিফ করবেন পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী। পালিয়ে আসা রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে সিপিএভুক্ত দেশগুলোর প্রতি আহ্বান জানাবেন মন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

৩। **বিশ্ব পরমাণু ক্লাবে যুক্ত হলো বাংলাদেশ**

**পায়রায় হচ্ছে দেশের সবচেয়ে বড় বিদ্যুৎকেন্দ্র : আজ সমঝোতাস্মারক স্বাক্ষর**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের নকশা ও নির্মাণকাজের লাইসেন্স প্রদান করেছে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিএইআরএ)। এর মাধ্যমে দেশের প্রথম ও একমাত্র পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের মূল নির্মাণকাজ শুরুতে আইনি প্রক্রিয়া সম্পন্ন হলো। বিশ্ব পরমাণু ক্লাবে যুক্ত হলো বাংলাদেশ। আগামী ৩০ নভেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা পাবনার ঈশ্বরদীতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের মূল পর্বের অর্থাৎ পারমাণবিক চুল্লি বসানোর কাজের (ফাস্ট কংক্রিট পোরিং ডেট বা এফসিডি) উদ্বোধন করার কথা রয়েছে। গতকাল (৪ নভেম্বর শনিবার) রাজধানীর একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের (বিএইসি) চেয়ারম্যান ড. দিলীপ কুমার সাহার কাছে এ নকশা ও নির্মাণ লাইসেন্স হস্তান্তর করেন বিএইআরএ'র চেয়ারম্যান অধ্যাপক ড. নঈম চৌধুরী। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

দেশে আমদানি করা এলএনজিনির্ভর প্রথম বিদ্যুৎকেন্দ্র হচ্ছে পটুয়াখালীর পায়রায়। ৩৬০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন কেন্দ্রটি চালু হলে এটিই হবে দেশের সবচেয়ে বড় বিদ্যুৎকেন্দ্র। বিদ্যুৎকেন্দ্রটি স্থাপনে আজ (৫ নভেম্বর রোববার) নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি ও জার্মানির সিমেন্সের মধ্যে একটি সমঝোতাস্মারক স্বাক্ষর হতে যাচ্ছে বলে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৪। **বাংলাদেশে অস্ট্রেলিয়াকে বিনিয়োগের আহ্বান বাণিজ্যমন্ত্রীর**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, অস্ট্রেলিয়ার সাথে বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির উজ্জ্বল সম্ভাবনা রয়েছে। অস্ট্রেলিয়ার বাজারে বাংলাদেশের তৈরিপোশাক, সিরামিক পণ্য, ওষুধ, চামড়াজাত

পণ্যের প্রচুর চাহিদা রয়েছে। অস্ট্রেলিয়া এ সকল পণ্য আমদানি বৃদ্ধি করতে পারে। জার্মান-অস্ট্রেলিয়ান এশিয়া প্যাসিফিক রিজিওনাল কনফারেন্সে যোগদানরত বাণিজ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ এখন বিনিয়োগের জন্য লাভজনক স্থান। বাংলাদেশের ঘোষিত ১০০টি অর্থনৈতিক অঞ্চলের যেকোনো একটিতে অস্ট্রেলিয়া বিনিয়োগ করলে বাংলাদেশ সরকার সবধরনের সুযোগ-সুবিধা প্রদান করবে। বাণিজ্যমন্ত্রী গতকাল (৪ নভেম্বর শনিবার) ক্রাউন টুওয়ার্স হোটেলে অস্ট্রেলিয়ার অর্থমন্ত্রী সিনেটর মাথিয়াস কোরম্যান এর সাথে বৈঠকের সময় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৩), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

**৫। ইউনেস্কোতে শিক্ষামন্ত্রী**
**রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ বৃদ্ধির আহ্বান**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টারে অন্তর্ভুক্ত করায় ইউনেস্কোকে ধন্যবাদ জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ধন্যবাদ জানিয়েছেন ইউনেস্কোর মহাপরিচালক ইরিনা বোকোভাকেও। গতকাল (৪ নভেম্বর শনিবার) প্যারিসে ইউনেস্কো সদরদফতরে ইউনেস্কো'র ৩৯তম সাধারণ সম্মেলনের বক্তৃতায় সংস্থার ভাইস প্রেসিডেন্ট শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ধন্যবাদ জানিয়ে বলেন, বাংলাদেশ আঞ্চলিক ও বিশ্বশান্তি রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। তিনি জাতিসংঘের ৭২তম অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া ভাষণে উল্লিখিত ৫-দফা পরিকল্পনার ভিত্তিতে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের তাদের দেশে ফেরত নিতে চাপ অব্যাহত রাখার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.৫,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**৬। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র অংশীদারিত্ব সংলাপ আজ : মার্কিন আন্ডার সেক্রেটারি শ্যানন ঢাকায়**

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যেকার ষষ্ঠ অংশীদারিত্ব সংলাপে অংশ নিতে ঢাকায় এসে পৌঁছেছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রণালয়ের রাজনীতিবিষয়ক আন্ডার সেক্রেটারি থমাস শ্যানন। দিনব্যাপী দুই দেশের এই সংলাপ আজ (৫ নভেম্বর রোববার) সকাল ১০টায় রাষ্ট্রীয় অতিথিভবন পদ্মায় শুরু হবে। সংলাপে যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন আন্ডার সেক্রেটারি শ্যানন। অন্যদিকে বাংলাদেশের প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন পররাষ্ট্র সচিব শহীদুল হক। সংলাপে রাজনীতি, অর্থনীতিসহ দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট সব বিষয়ে আলোচনা হবে। এ ছাড়া রোহিঙ্গা সংকটসহ আঞ্চলিক বিষয়ে আলোচনা করবে দুই পক্ষ। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৭। দেশে নিরাপত্তার ঘাটতি নেই : আলোচনাসভায় স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, দেশে নিরাপত্তার কোনো ঘাটতি নেই। আমাদের নিরাপত্তা বাহিনী অত্যন্ত চৌকস। সন্ত্রাসী ও জঙ্গিদের ব্যাপারে সারাদেশেই গোয়েন্দারা সতর্ক রয়েছে। গতকাল (৪ নভেম্বর শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউ জাতীয় গ্রন্থকেন্দ্র মিলনায়তনে আওয়ামী সাংস্কৃতিক পরিষদ আয়োজিত '৩ নভেম্বর জেল হত্যা ও ৭ নভেম্বর মুক্তিযোদ্ধা হত্যা দিবস' শীর্ষক এক আলোচনা সভায় স্বরাষ্ট্রমন্ত্রী প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু হত্যার পর যারা দেশের নেতৃত্ব দিতে পারতো, যাদের নেতৃত্বে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠিত হতে পারতো, ঐসব জাতীয় নেতাদের হত্যা করে দেশের উন্নয়ন-সমৃদ্ধি থামিয়ে দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৮। নির্বাচন নিয়ে আলোচনা করতে হলে বিএনপিকে যুদ্ধাপরাধীদের ত্যাগ করতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, নির্বাচন ও গণতন্ত্র নিয়ে আলোচনা করতে হলে আগে যুদ্ধাপরাধীদের ত্যাগ করেই বিএনপিকে আলোচনায় আসতে হবে। তা না হলে বিএনপির সাথে গণতন্ত্র ও নির্বাচন নিয়ে কোনো আলোচনা হবে না। তিনি বলেন, নির্বাচন নিয়ে যেমন বিতর্কের অবসান হওয়া উচিত তেমনি যুদ্ধাপরাধী ও তার দোসরদের নিয়ে যে বিতর্ক তারও অবসান হওয়া দরকার। তথ্যমন্ত্রী গতকাল (৪ নভেম্বর শনিবার) কুষ্টিয়া সার্কিট

হাউসে দলীয় নেতাকর্মীদের সাথে মতবিনিময় শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন। সূত্র- **বাসস**, **সমকাল** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৭)।

**৯। কৃষিপণ্যের রপ্তানি আয়ে প্রবৃদ্ধি ২১ শতাংশ**

চলতি (২০১৭-১৮) অর্থবছরের প্রথম প্রান্তিকে কৃষিপণ্য রপ্তানিতে আয় হয়েছে ১৪ কোটি ৭৯ লাখ মার্কিন ডলার বা প্রায় ১ হাজার ২৩০ কোটি টাকা। যা এ সময়ের লক্ষ্যমাত্রার চেয়ে ৮ শতাংশ বেশি। একইসঙ্গে আগের (২০১৬-১৭) অর্থবছরের একইসময়ের তুলনায়ও আয় বেড়েছে বা প্রবৃদ্ধি হয়েছে ২০ দশমিক ৯৪ শতাংশ। বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। সূত্র- **সংবাদ** (পৃ.১৩,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**১০। রাস্তায় ট্রাক ও কাভার্ড ভ্যানের কাগজ পরীক্ষা না করতে আইজির নির্দেশ**

পণ্য ও মালামাল পরিবহণ স্বাভাবিক রাখতে সড়কে ট্রাক ও কাভার্ড ভ্যানের কাগজ পরীক্ষা না করে যাত্রার শুরু ও শেষ টার্মিনালে পরীক্ষার জন্য পুলিশবাহিনীর সদস্যদের প্রতি নির্দেশ দিয়েছেন আইজিপি। গতকাল (৪ নভেম্বর শনিবার) পুলিশ সদরদফতরের সম্মেলনকক্ষে বাংলাদেশ ট্রাক-কাভার্ড ভ্যান-ট্রাক লরি মালিক শ্রমিক ঐক্য পরিষদ ও বাংলাদেশ ট্রাক-কাভার্ড ভ্যান পণ্য পরিবহণ এসোসিয়েশনের নেতাদের সঙ্গে বৈঠকে তিনি এ নির্দেশ দেন। তিনি আরো জানান, পুলিশ সদস্যদের বিরুদ্ধে মহাসড়কে অবৈধ অর্থ আদায়ের অভিযোগ পাওয়া গেলে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**১১। ভেলপুরি, ফুচকা, ঝালমুড়ির মতো স্ট্রিট ফুডে টাইফয়েডের জীবাণু**
**ন্যাশনাল ফুড সেফটি ল্যাবরেটরির গবেষণা প্রতিবেদন**

স্ট্রিট ফুড বা রাস্তার খাবার নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের ক্ষেত্রে বড় চ্যালেঞ্জ বলে মনে করছেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, স্কুলের পাশে কিংবা শহরের বিভিন্ন স্থানে এই স্ট্রিট ফুড বিক্রি হয়। সেখানে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়ে যেমন প্রশ্ন রয়েছে তেমনি খাবার তৈরি থেকে শুরু করে পরিবেশন পর্যন্ত ব্যবহৃত হচ্ছে নোংরা পানি, যাতে ডায়রিয়া, টাইফয়েডের মতো রোগের জীবাণু রয়েছে যা জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকি। লাইসেন্স না থাকায় এসব দোকানের বিরুদ্ধে ব্যবস্থাও নেওয়া হচ্ছে না। ন্যাশনাল ফুড সেফটি ল্যাবরেটরির এক গবেষণা প্রতিবেদনে এসব তথ্য প্রকাশিত হয়েছে। গতকাল (৪ নভেম্বর শনিবার) জনস্বাস্থ্য ইনস্টিটিউটের সম্মেলনকক্ষে প্রকাশিত 'মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন অব হর্টিকালচার প্রোডাক্টস অ্যান্ড আদার ফুড কমোডিটিজ ফর কেমিক্যাল কন্টামিনেশন অ্যান্ড মাইক্রোবায়োলজিক্যাল অ্যাট এনএফএসএল : এন অ্যাপ্রাইজাল অব ফুড সেফটি সার্ভে ইন বাংলাদেশ-সেকেন্ড রাউন্ড' বিষয়ক জরিপের ফলপ্রকাশ অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। সূত্র–**সংবাদ** (পৃ.১,ক.৩), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ভোরের কাগজ :** আয়কর প্রদানে পদ্ধতিগত জটিলতা দূর করার সুপারিশ।

খ. **সংবাদ :** কতিপয় পুলিশসদস্যের অপরাধ প্রবণতা রোধে এ বাহিনীর প্রতিটি ইউনিটে কঠোর মনিটরিং নিশ্চিত করার পাশাপাশি পুলিশসদস্যদের নৈতিক মনোবল গড়ে তুলতে যুগোপযোগী প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ।

গ. **ইত্তেফাক :** বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্টের (বিআইবিএম) এক গবেষণা প্রতিবেদনে দেশের ৮০ শতাংশ ব্যাংকে নানা দুর্ঘটনায় ডাটা সেন্টার (তথ্যভাণ্ডার) ক্ষতিগ্রস্ত হলে তা মোকাবিলায় দক্ষ জনবল নেই এ খবরে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়রের এলাকার সব খাল উদ্ধারের অভিযান শুরুর

ঘোষণাকে  স্বাগত জানিয়ে এর সফল বাস্তবায়ন কামনা।

ঙ. **যুগান্তর :** বেসরকারি বিশ্ববিদ্যালয়ের  অনিয়ম দুর্নীতি বন্ধ ও শিক্ষার মনোন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে সেখানে পর্যবেক্ষক নিয়োগের সুপারিশ করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুর কমিশন উল্লেখ করে এ ব্যাপারে বিবেচনার সুপারিশ।



চ. **ডেইলি সান :** বাংলাদেশে আয়োজিত বিপিএল টি-টুয়েন্টি ক্রিকেট ম্যাচ দেশের ক্রিকেটের উন্নয়ন ও ভাবমূর্তি উজ্জ্বল করতে সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের অর্থনৈতিক উন্নয়নে তরুণ প্রজন্মকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

জ. **নিউ নেশন :** পেঁয়াজের উচ্চমূল্য নিয়ন্ত্রণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গবেষণার জন্য গবেষণা নয়, ব্যাংকিং খাতে গবেষণা হোক মানুষের জন্য ও কর্মক্ষেত্রে ব্যবহারের জন্য।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘উচ্চশিক্ষার আর্থিক ও নীতিগত বিশ্লেষণ’** শিরোনামের নিবন্ধে  বাংলাদেশের উচ্চশিক্ষাকে সার্বজনীন ও জব ওরিয়েন্টেড করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০